# উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটির মার্চ/২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব মোছা. জাহানারা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শেরপুর।
সভার স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'সোমেশ্বরী'।
সভার তারিখ ঃ ১৪/০৩/২০২২ খ্রিঃ।
সময় ঃ বেলা ১০:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ঠ "ক" তে দেখানো হলোঃ

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতপরঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভাপতি মহোদয় অদ্যকার সভার সদস্য সচিব, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুরকে তাঁর দাপ্তরিক কাজকর্ম বর্ননা করার জন্য অনুরোধ করেন।

সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), শ্রীবরদী, সভায় জানান যে, ৩২ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় শ্রীবরদী পৌরসভায় বিভিন্ন ব্যাসের ১৮.৪৮ কি.মি পাইপ লাইনের কাজ শেষ হয়েছে। আরসিসি ড্রেন নির্মাণের কাজ শেষ পর্যায়ে আছে। বিভিন্ন স্থানে ৫টি পাবলিক টয়লেট, ১৪টি কমিউনিটি টয়লেট, ২টি পাম্প হাউজ এর কাজ সম্পন্ন হয়েছে। হাউজ হোল্ডাদের বাড়িতে পানির হাউজ কানেকশন দেওয়ার ব্যাপারে মেয়র মহোদয়কে অনুরোধ করেন। সারাদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ইউনিয়নে ২০০ টি এসপি এবং ৬০ টি ৬ নং পাম্পযুক্ত গভীর নলকূপের কাজ প্রায় ৮২% সম্পন্ন হয়েছে। ১০টি পরিবার নিয়ে ১টি উচ্চ জলাধারসহ গভীর নলকূপের কাজ চলমান রয়েছে। জিপিএস-১, এনএনজিপিএস-১, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৫৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-তল এবং Attached Isolated Wash এর কাজ হবে এর মধ্যে ২৪ টি স্কুলের কাজ চলমান রয়েছে। ৫ টি স্কুলের WB হস্তান্তর হয়েছে। এছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপন করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

জাহানারা
মোছা. জাহানারা বেগম
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ
বিষয়ক স্থায়ী কমিটি, শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং- ৩২
তারিখঃ ১৪/০৩/২০২২ খ্রি

অনুলিপি : সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলো।
১। জেলা প্রশাসক, শেরপুর।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, শেরপুর।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
৪। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর।
৫। চেয়ারম্যান.............................................ইউপি ও সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক স্থায়ী কমিটি শ্রীবরদী, শেরপুর।

মো. মনিরুজ্জামান
উপসহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।
শ্রীবরদী, শেরপুর।

Scanned with CamScanner